



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট সেল

আইএসএমসি সার্কুলার লেটার নং-১

তারিখঃ ফাল্গুন ১৩, ১৪২১
ফেব্রুয়ারী ২৫, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়

ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম (ISS) সংক্রান্ত যাবতীয় তথ্য দাখিল ও যোগাযোগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আর্থিক খাতের সুপারভিশন কার্যক্রম অধিকতর জোরদার ও ফলপ্রসূ করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে ‘ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট সেল (Integrated Supervision Management Cell)’ গঠন করা হয়েছে। এ প্রেক্ষাপটে,

১. ডিবিআই-২ সার্কুলার নং-১ তারিখ ২৪ ফেব্রুয়ারী, ২০১৪ এবং পত্র নং ডিবিআই-২(এমআইএস ও আরবিআই সেল)/২২/২০১৪-৫৫৩ তারিখ ২০ মে, ২০১৪ ও ডিবিআই-২ (এমআইএস এন্ড আরবিআই সেল)/২২/২০১৪-১০৩৭ তারিখ ২০ জুলাই, ২০১৪ মোতাবেক যাচিত তথ্য এখন থেকে ব্যাংক পরিদর্শন বিভাগ-২ এর এমআইএস ও আরবিআই সেল এর পরিবর্তে ‘ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট সেল’ এ নিয়মিতভাবে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হ’ল।
২. ব্যাংক পরিদর্শন বিভাগ-২ এর এমআইএস ও আরবিআই সেল কর্তৃক ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম (ISS) সংক্রান্ত বিষয়ে প্রদত্ত নির্দেশাবলী/পরামর্শ সমূহের পরিপালন অদ্যাবধি অনিষ্পন্ন অবস্থায় থাকলে তা অত্র সেলে প্রেরণের পরামর্শ প্রদান করা হ’ল।
৩. এতদ্বিধি, এখন থেকে ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম (ISS) সংক্রান্ত যাবতীয় যোগাযোগ অত্র সেল এর সাথে করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল কালাম আজাদ)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩৩০